



# বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)



রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)  
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

www.bsccl.com.bd

## প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)-এর পক্ষে ঢাকা জেলা জজ আদালত, সিএমএম আদালত ও আর্বিট্রেশন ট্রাইব্যুনালে মামলা পরিচালনা এবং কোম্পানির স্বার্থ সংরক্ষণার্থে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য প্যানেল আইনজীবী নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানি ও অন্যান্য শর্তে আইন পেশায় নিয়োজিত আগ্রহী বাংলাদেশী আইনজীবীগণের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে দাখিলকৃত দরখাস্ত রেজিস্ট্রার ডাকযোগে অথবা অফিস চলাকালীন সময়ে প্রধান কার্যালয়ে সরাসরি উপস্থিত হয়ে আগামী ২৪ জুলাই, ২০২২ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। যোগ্য প্রার্থী প্রাপ্তিসাপেক্ষে অনধিক ০২ জনকে ০২ (দুই) বছর মেয়াদে বিএসসিসিএল-এর প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগ প্রদান করা হবে।

- ০১। **শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীকে আইন বিষয়ে ন্যূনতম সম্মানসহ স্নাতক ও এলএলএম/বার-এ্যাট-ল ডিগ্রীধারী হতে হবে।
- ০২। **বয়স:** ৩০শে জুন, ২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৩৫ বছর ও সর্বোচ্চ ৫৫ বছরের মধ্যে হতে হবে।
- ০৩। **অভিজ্ঞতা:**
  - (ক) প্রার্থীকে অবশ্যই ঢাকা আইনজীবী সমিতির সদস্য হতে হবে।
  - (খ) বাংলাদেশের বিভিন্ন এখতিয়ার সম্পন্ন আদালতে আইনজীবী হিসেবে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে ঢাকা জেলা জজ ও সিএমএম আদালতে মামলা পরিচালনার বিষয়ে ন্যূনতম ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
  - (গ) প্রার্থীর কম পক্ষে ১ কোটি টাকা মূল্যমানের দেনা-পাওনা সম্পর্কিত আর্বিট্রেশনে আইনজীবী অথবা আর্বিট্রেটর হিসেবে ন্যূনতম ৫ টি সালিশীর অভিজ্ঞতা থাকতে হবে।
  - (ঘ) প্রার্থীর টেলিকম সেক্টরের/সরকারি/স্বায়ত্ব শাসিত/সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আইনজীবী হিসেবে সেবা প্রদানের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৪। **সম্মানি:** কোম্পানির আইন সেবার জন্য নির্ধারিত দর অনুযায়ী।
- ০৫। **চুক্তির মেয়াদ:** ০২ (দুই) বছর (তবে প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য)।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিসিএল কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

[বিঃ দ্রঃ বিস্তারিত কার্যপরিধিসহ নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবিল বিএসসিসিএল-এর  
ওয়েবসাইটে (www.bscl.com.bd) পাওয়া যাবে (বিস্তারিত)।]



(মোঃ আব্দুস সালাম খাঁন, এফসিএস)  
কোম্পানি সচিব (মহাব্যবস্থাপক),  
বিএসসিসিএল  
ফোন-০২-৮৮৭৯২৪০, ফ্যাক্স: ০২-৮৮৭৯১৯৩  
(অফিস)  
ই-মেইল- cs@bscl.com